



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি শেরেবাংলা নগর, আগারগাঁও

ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০৩.২৯.২১.৮৮২

তারিখ: ১৬/০৮/২০২১ খ্রিঃ

বিষয়: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত ২০২১ সালের এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল), এইচএসসি (ভোকেশনাল)/এইচএসসি (বিএম), ডিপ্লোমা ইন কমার্স পূর্ণবিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে অ্যাসাইনমেন্ট মূল্যায়ন মনিটরিং প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে চলমান কোভিড-১৯ মহামারির কারণে দেশের সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের স্ব-শরীরে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না। সংগত কারণে শিক্ষাবর্ষের পাঠ্যসূচি পূর্ণাঙ্গভাবে সম্পন্ন করা সম্ভব হয়নি। সে প্রেক্ষিতে ২০২১ শিক্ষাবর্ষের বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল), এইচএসসি (ভোকেশনাল)/এইচএসসি (বিএম), ডিপ্লোমা ইন কমার্স শ্রেণির বিষয় ও ট্রেড ভিত্তিক পূর্ণবিন্যাসকৃত পাঠ্যসূচি প্রস্তুত করা হয়েছে।

২। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে বিগত ১৮/০৭/২০২১খ্রি. এ এসএসসি (ভোকেশনাল)/ দাখিল (ভোকেশনাল) এবং বিগত ২৬/০৭/২০২১খ্রি. এ এইচএসসি (ভোকেশনাল)/এইচএসসি (বিএম), ডিপ্লোমা ইন কমার্স কোর্সের জন্য পূর্ণবিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে প্রণয়নকৃত অ্যাসাইনমেন্ট নিয়মিত ভাবে প্রকাশিত হচ্ছে।

৩। মাঠ পর্যায়ে শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:-

১. বাকাশিবো কর্তৃক প্রদত্ত গুগল ফরমের লিংক <https://forms.gle/ZYSPbma6bxoHbjas9> অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান অ্যাসাইনমেন্ট এর তথ্য প্রেরণ করবে;
২. স্ব-স্ব প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধান অ্যাসাইনমেন্ট সংক্রান্ত তথ্য নিয়মিতভাবে এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) এর জন্য assignmentvoc@gmail.com ই-মেইল এ এবং এইচএসসি (ভোকেশনাল)/এইচএসসি (বিএম), ডিপ্লোমা ইন কমার্স এর জন্য assignmentbm21@gmail.com ই-মেইলে প্রতি মাসের ১৬ তারিখের মধ্যে প্রথম ও ৩০ তারিখের মধ্যে দ্বিতীয় মূল্যায়ন কার্যক্রম প্রদত্ত গুগল ফরম অনুযায়ী প্রেরণ করা;
৩. বাকাশিবো কর্তৃক আয়োজিত ভার্সুয়াল সভায় প্রতিষ্ঠান প্রধানের সংযুক্ত হওয়ার বিষয়ে প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
৪. প্রতিষ্ঠানের সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে অ্যাসাইনমেন্ট দাখিল কার্যক্রম তদারকি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
৫. অ্যাসাইনমেন্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রতিষ্ঠান প্রধান কর্তৃক টিম গঠনপূর্বক সার্বিক বিষয়টির স্থানীয়ভাবে তদারকির ব্যবস্থা গ্রহণ;

প্রকৌ. মোঃ খালেদ হোসেন
পরিদর্শক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক

(সকল সরকারি/বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান)

স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০৩.২৯.২১.৮৮২

তারিখ: ১৬/০৮/২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি পেশ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, “১০০টি উপজেলায় একটি করে টিএসসি স্থাপন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প, আগারগাঁও, ঢাকা।
৩. যুগ্মসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপজেলা নির্বাহী অফিসার, (সকল উপজেলা)
৮. সভাপতি, (বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সকল).....
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাকাশিবো, ঢাকা।
১১. অফিস নথি।

প্রকৌ. মোঃ ইমামুন কবির
উপ-পরিদর্শক (ভোকেশনাল) অতিঃদাঃ
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।